# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

বোর্ড সচিবালয়
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Board Secretariat
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.০৫.০১১-৩৪৫

তারিখ: ২৫ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ
৯ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ ২০২১-২২ অর্থবছরে সমাপ্ত প্রকল্পের সম্পদ (কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা প্রসঙ্গে।**

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অর্থবছরের কার্যক্রম নং ২.৫ সমাপ্ত প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করার লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। তদানুযায়ী ২০২১-২০২২ অর্থবছরে সমাপ্ত প্রকল্পের সকল ব্যবহারযোগ্য সম্পদ (কম্পিউটার, আসবাব ইত্যাদি) প্রকল্প সমাপ্তিশেষে প্রকল্প পরিচালক লিখিতভাবে মহাপরিচালক মহোদয়ের নিকট জমা প্রদান করবেন মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)। এমতাবস্থায়, ২.৫ নং কার্যক্রম এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী হস্তান্তরের প্রমাণপত্র (নমুনা সংযুক্ত) অতি জরুরী ভিত্তিতে (১০/০৭/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে) অত্র দপ্তরে হার্ডকপি/ই-মেইলে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আবশ্যিকভাবে উক্ত তথ্য প্রদানে সচিব, পাসম মহোদয়ের জোর তাগিদ রয়েছে।

সংযুক্তিঃ বর্ণনা মতে।

০৯/০৭/২০২৩
(ওবায়দুল ইসলাম)
পরিচালক (বোর্ড)
বাপাউবো, ঢাকা।
সেল# ০১৭১১৪৮২৭০০

প্রকল্প পরিচালক...........
(২০২১-২২ অর্থ বছরে সমাপ্তকৃত সকল প্রকল্প)................

.......................................................

অনুলিপিঃ

১। প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা।

২। পিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা,নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।

### ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন

দপ্তর/ সংস্থার চলমান প্রকল্পের ডিপিপি/টিএপিপি এ নির্ধারিত প্রমাপ অনুযায়ি PIC সভা আয়োজনের লক্ষ্যমাত্রা ২.২ নম্বর ক্রমিকের ৬ নম্বর কলামে উল্লেখ করতে হবে এবং ৮-১১ কলামসমূহে প্রযোজ্য কোয়ার্টারে উক্ত লক্ষ্যমাত্রা প্রদর্শন করতে হবে। উল্লেখ্য, কর্ম-পরিকল্পনা প্রেরণের সময় চলমান সকল প্রকল্পের তালিকা মেয়াদ, প্রমাপ অনুযায়ি PIC সভা আয়োজনের সংখ্যা (পৃথক কলামে) উল্লেখ করে সংযুক্তি আকারে দিতে হবে।

**সংযুক্তি নিম্নরূপ হবেঃ**

| ক্রমিক নং | চলমান প্রকল্পের নাম | প্রকল্পের মেয়াদ | PIC সভার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

**মূল্যায়ন পদ্ধতি:** প্রমাপ অনুযায়ি PIC সভা আয়োজন করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সভা আয়োজন করা না হলে গাণিতিক হারে নম্বর কর্তন করা হবে।

**প্রমাণক:** আয়োজিত সভার হাজিরা এবং কার্যবিবরণী।

### ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা

দপ্তর/সংস্থা কর্তৃক প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করার তারিখ নির্ধারণ করে ২.৫ নম্বর ক্রমিকের ৬ নম্বর কলামে উল্লেখ করতে হবে এবং ৮-১১ কলামসমূহে প্রযোজ্য কোয়ার্টারে উক্ত লক্ষ্যমাত্রা বিভাজন করে প্রদর্শন করতে হবে। এক্ষেত্রে ২০২১-২২ অর্থবছরে সমাপ্ত সকল প্রকল্পের সম্পদ এবং ২০২২-২৩ অর্থবছরের ২য় কোয়ার্টারে সমাপ্ত সকল প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে। প্রকল্পের সম্পদ হস্তান্তরের ক্ষেত্রে সাবেক সংস্থাপন মন্ত্রণালয়ের ০৮ জানুয়ারি ২০০৬ তারিখের নং সম (পরি)-স্থায়ী কমিটি/৪৪/২০০৫ (অংশ-১)-৭২১ নম্বর পরিপত্র এবং ১১ মে ১৯৯৯ তারিখের নং-সম (পরি) প-৫/৯৮-১৫৮ (২০০) নম্বর পরিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রকল্পের আসবাবপত্র ব্যবহারযোগ্য হলে প্রকল্প সমাপ্তিশেষে প্রকল্প পরিচালক লিখিতভাবে বাস্তবায়নকারী কর্তৃপক্ষের নিকট উক্ত জিনিষপত্র জমা প্রদান করবেন। উল্লেখ্য, কর্ম- পরিকল্পনা প্রেরণের সময় মন্ত্রণালয়/বিভাগ ২০২১-২২ অর্থবছরে সমাপ্ত হয়েছে এবং ২০২২-২৩ অর্থবছরের ১ম এবং ২য় কোয়ার্টারে সমাপ্ত হবে এমন সকল প্রকল্পের সম্পদের বিবরণ সংযুক্তি আকারে দাখিল করবে।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

স্মারক নং.....................

তারিখঃ........
(প্রকল্পের সমাপ্তের তারিখের পর ২ মাসের মধ্যের তারিখ দিতে হবে)

বিষয়ঃ সমাপ্ত প্রকল্পের ব্যবহারযোগ্য সম্পদ (কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) জমা প্রদান প্রসঙ্গে ।

উপর্যুক্তি বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নে বর্ণিত সমাপ্ত প্রকল্প/প্রকল্পসমূহের ব্যবহারযোগ্য সম্পদ (কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জমা প্রদান করা হলো।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রকল্প সমাপ্তির তারিখ | প্রকল্পের সম্পদের বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

স্বাক্ষর

নামঃ

প্রকল্প পরিচালক,

প্রকল্পের নামঃ

মোবাইলঃ

মহাপরিচালক

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৭২ গ্রীন রোড